গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধনবাড়ী, টাঙ্গাইল
www.dhanbari.tangail.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নং-০৫.৪১.৯৩২৫.০০০.১১.০০২.২০২৩- ৫৯

তারিখঃ ০১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

## জলমহাল বন্দোবস্ত বিজ্ঞপ্তি
(বিজ্ঞপ্তি নং- ০১/১৪৩১ বঙ্গাব্দ)

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধনবাড়ী উপজেলাধীন ইজারাযোগ্য ২০(বিশ) একরের নিম্নের আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের ১৪ নভেম্বর ২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৫৯.০০২.২১.১২১ নং পরিপত্র ও ০২ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নং প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩(তিন) বছর অর্থাৎ ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্তসাপেক্ষে অনলাইনে http://jm.lams.gov.bd ওয়েব সাইটে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। সরাসরি কোন দরপত্র ক্রয় করা যাবে না।

### নিম্নলিখিত তারিখে ও সময়ে অনলাইনে আবেদনপত্র গ্রহণ/কার্যক্রম গ্রহণ করা হবে-

| ক্রমিক নং | তারিখ | গৃহিত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ইজারার আবেদন আহবান |
| ২. | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন পর্যন্ত | অনলাইনে ইজারার আবেদন দাখিল |
| ৩. | ০৩ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিসে দাখিল। |
| ৪. | ১৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫. | ২৬ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ১০ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭. | ১৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ২৩ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৯. | ০১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

### জলমহালের তালিকা

| ক্রঃনং | ইউনিয়ন ভূমি অফিসের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (একরে) | বিগত ০৩ বছরের ইজারা মূল্যের গড় | ৫% বৃদ্ধিতে বার্ষিক সম্ভাব্য ইজারা মূল্য | ইজারার মেয়াদকাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ধনবাড়ী সদর | পাথালিয়া পুকুর ১ | ০.৩৪ | ৪,৬৬৬.৬৭/- | ৪,৯০০/- | ১৪৩১-১৪৩৩ | দরিবিয়াড়া পুকুরের বিগত ০৩ বছরের খাস আদায়ের মূল্যের গড় ১০০০/- টাকা, ৫% বৃদ্ধিতে বার্ষিক সম্ভাব্য ইজারা মূল্য ১০৫০/- টাকা |
| ২. | ধনবাড়ী সদর | কামবেদবাড়ী পুকুর | ০.৪১ | ৬,৬৬৬.৬৭/- | ৭,০০০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৩. | বীরতারা | সিকলদহ ফিসারী | ১.৬২ | ৪,০০০/- | ৪,২০০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৪. | বীরতারা | সুজলকর পুকুর | ১.৩৮ | ৫৪,৬৬৬.৬৭/- | ৫৭,৪০০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৫. | ধোপাখালী | বাড়ীভাঙ্গাদহ | ০.৪৮ | ৪,৩৩৩.৩৩/- | ৪,৫৫০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৬. | পাইস্কা | ভাতকুড়া পুকুর | ০.৪৫ | ৪,৫০০/- | ৪,৭২৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৭. | পাইস্কা | জলরাখ বিলদহ | ৩.৭৫ | ১৭,৩৩৩.৩৩/- | ১৮,২০০/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৮. | পাইস্কা | বর্ণিচন্দ্রবাড়ী পুকুর | ০.২৪ | ৬,৩০০/- | ৬,৬১৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৯. | ধনবাড়ী সদর | দরিবিয়াড়া পুকুর | ০.৩৬ | - | ১,০৫০/- | ১৪৩১-১৪৩৩ | |

দরপত্র শর্তাবলী সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড/ওয়বসাইট হতে জানা যাবে।

১৫/১/২৪
(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধনবাড়ী, টাঙ্গাইল।

CamScanner

## সরকারি জলমহাল ইজারা গ্রহণের শর্তাবলী :

১। বিজ্ঞপ্তি প্রকাশের পরে ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন মধ্যে http://jm.lams.gov.bd ওয়েবসাইটে আবেদন করা যাবে।

২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ০৩ ফাল্গুন থেকে পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল/ সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল দাখিল করতে হবে।

৩। দাখিলকৃত আবেদন প্রার্থিত জলমহালের বার্ষিক সরকারী মূল্য অপেক্ষা কম হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা। অনলাইনে http://jm.lams.gov.bd মাধ্যমে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপির সহিত আবেদন ফরমের মূল্যবাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১/৪৬৩১/০০০০/১২৬১ কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। উক্ত ব্যাংক ড্রাফট/পে- অর্ডার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৪। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি /সমবায় সমিতি, যা' সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

৫। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৬। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তবে সে সমিতি কোন সরকারী জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবেনা। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

৭। আবেদকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রযোজন হবেনা।

৮। যদি সংশিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায়, তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৯। লিজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে,তাহলে উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক উক্ত লিজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্তসংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর লীজমানির সাথে অতিরিক্ত প্রদান করতে হবে।

১৩। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলি এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় সহকারী কমিশনার (ভূমি), ধনবাড়ী এর কার্যালয় হতে জানা যাবে।

১৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধনবাড়ী, টাঙ্গাইল।

CamScanner

স্মারক নং-০৫.৪১.৯৩২৫.০০০.১১.০০২.২০২৩- ৫১/১(৫০)

তারিখঃ ০১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
৬। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।
৭। উপজেলা ............................কর্মকর্তা (সকল), ধনবাড়ী, টাঙ্গাইল।
৮। মেয়র, ধনবাড়ী পৌরসভা, ধনবাড়ী, টাঙ্গাইল।
৯। চেয়ারম্যান/সচিব ..........................ইউনিয়ন পরিষদ(সকল),ধনবাড়ী, টাঙ্গাইল।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ................................ইউনিয়ন ভূমি অফিস, ধনবাড়ী,টাঙ্গাইল। তাকে নোটিশটি এলাকায় বহুল প্রচারপূর্বক জারির কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য বলা হলো।
১১। জনাব ............................................................
১২। নোটিশ বোর্ড।

১৫/০১/২৪

(ফারাহ ফাতেহা তাকমিলা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য- সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধনবাড়ী, টাঙ্গাইল।

CamScanner